

# 70th Anniversary of Establishment of Diplomatic Relations between India and Japan in 2022 - Launch of India's Logo

January 04, 2022

## 2022-এ ভারত ও জাপানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70তম বার্ষিকী উদযাপন- ভারতের লোগোর প্রচলন জানুয়ারি 04,2022

1.28শে এপ্রিল 1952 তে ভারত ও জাপানের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপন হয়েছিল। 2022-এ এই দুই দেশ তাদের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70তম বার্ষিকী উদযাপন করছে। এই ঐতিহাসিক ঘটনাকে উপলক্ষ্য করে, দুই দেশ বিশেষ লোগো প্রচলন করার সিদ্ধান্ত নিয়েছে। এই বছরের শুরুতেই জাপান তাদের লোগোর প্রচলন করেছে।

2. ভারতীয় লোগোর নকশা তৈরি করার জন্য বিদেশ মন্ত্রক 2021-এর সেপ্টেম্বরে একটি লোগো ডিজাইন প্রতিযোগিতার আয়োজন করেছিল। মাইগভ পোর্টালের মাধ্যমে জনগণের কাছ থেকে এন্ড্রির আবেদন করা হয়েছিল। বিদেশ মন্ত্রকের পররাষ্ট্র প্রচার বিভাগ এবং টোকিওর দূতাবাসও এর প্রচার করেছিল। মোট 1131 টি এন্ড্রি জমা পড়েছিল। একটি বিচারক মন্ডলী প্রতিযোগিতার মানদন্ডের নিরিখে এন্ড্রিগুলির মধ্যে থেকে একটি লোগোকে প্রথম স্থানাভিষিক্ত করেছেন। বিজয়ী হওয়া লোগোর নকশাটিকে নীচে দেওয়া হল।



3. লোগোটিতে একটি ময়ূর ও একটি সবুজ তিতির আঁকা রয়েছে যেগুলি যথাক্রমে ভারত এবং জাপানের জাতীয় পাখি। সবুজ তিতির লেজটির আকার ইংরেজির 7 সংখ্যা আর ময়ূরটি 0 সংখ্যার আকার তৈরি করেছে। লোগোটি দুই দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্কের প্রতীক। এটি তৈরি করেছেন শ্রীযুক্ত অনুপ দেও পূর্তি। পূর্তি বাবু গুজরাটের সর্দার প্যাটেল বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে (এমসিএ) স্নাতকোত্তর উপাধি প্রাপ্ত। ই-লার্নিং, ইউ আই এবং ওয়েব ডিজাইনে তার প্রভূত অভিজ্ঞতা রয়েছে।

4.70 তম বার্ষিকী উদযাপন করার জন্য, সারা বছর ধরে জাপান এবং ভারতে বিভিন্ন অনুষ্ঠান করার পরিকল্পনা করা হয়েছে। ভারত ও জাপানের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন ক্ষেত্রে ঘিরে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং সেমিনার এর মধ্য অন্তর্ভুক্ত রয়েছে। এই অনুষ্ঠানগুলি এই উপলক্ষ্যকে এমনভাবে চিহ্নিত করবে যা সত্যি সত্যিই ভারত ও জাপানের মধ্যে কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিত্বের সম্পূর্ণ সম্ভাবনাকে সকল স্টেকহোল্ডারদের বুঝে ওঠার জন্য এর গুরুত্ব এবং অঙ্গীকারকে প্রতিফলিত করবে।

নিউ দিল্লি

জানুয়ারি 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.